Dom'Asile

ফ্রান্সে আশ্রয় প্রার্থনা ঃ প্রথম ধাপ

১.আশ্রয়ের আবেদন করার জন্য সর্বপ্রথম একটা এপয়েন্টমেন্ট গ্রহণ করার দরকার

সাধারনত এই অপ্পৈন্টমেন্ট একটি বিশেষ সংস্থা দ্বারা প্রদান করা হবে. এই বিশেষ সংস্থার নাম PADA (আশ্রয়প্রার্থীদের প্রথম সবাগত কেন্দ্র). এখানে একটা ফার্ম ফিলাপ করা হবে এবং সবাইকে 'আশ্রয়প্রার্থ্রী কেন্দ্রে' গিয়ে (*যাকে 'গিছে ইউনিক' বলা হয়*),আশ্রয়ের আবেদন করার জন এপ্পৈন্মেন্ট দেবা হবে.

সেকারনে , সবাই আশ্রয় প্রার্থীদের কে সর্বপ্রথম PADA কেন্দ্রে যেতে হবে.

মনে রাখবেন: PADA কেন্দ্রে যাবার আগে আপনার কোনো ঠিকানার (বাসার আড্রেস বা কোনো সংস্থার আড্রেস) দরকার হবে না .

২.এপৈন্মেন্ট-এর দিন 'আশ্রয়প্রার্থ্রী কেন্দ্রে' (*'গিছে ইউনিক' তে*) আশ্রয়ের আবেদন দাখিল করবেন.

'আশ্রয়প্রার্থ্রী কেন্দ্র' (*'গিছে ইউনিক'*) তে আপনার হাথের চাপ (ফিংগার প্রিন্ট) নেয়া হবে এবং আপনাকে দুটি জরুরী কাগজ দেবা হবে :

ক) **আশ্রয়ের আবেদন ফর্ম** যা পূরণ করে অফরা অফিস তে পাঠাতে হবে.

মনে রাখবেন, ফ্রান্স ঢোকার পূর্বে যদি আপনি ইউরোপ ইউনিয়ন ভূক্ত অন্য কোন দেশের কন্ট্রোলে পরে থাকেন, কিংবা আশ্রয় প্রার্থনা করে থাকেন, তবে আপনাকে আশ্রয়ের আবেদন ফর্ম দেবা হবে না .

খ) **এক মাসের জন্য সাময়িক বসবাসের অনুমতি** কার্ড **(ADDA) প্রদান করা হবে :**

এই কার্ডের উপর লেখা থাকবে যে আপনার আবেদনের জাঁচ কোন ধরনে করার সিদ্ধান্ত নেবা হয়েছে (সাধারণ /দ্রুত পদ্ধতি বা ডাবলেন এগ্রিমেন্ট)

গ) **কাদা (অভ্যর্থনা কেন্দ্র) -এ থাকার একটি প্রস্তাবনা ফর্ম প্রদান করা হবে :**

যা শুধু **হাঁ**, **না** কিংবা **আমি জানি না** চিহ্নে চিহ্নিত থাকবে (আবাসন অংশে দেখুন)|

কাদা -তে বাসার প্রস্তাবনা করা হবে অফির (OFII) দ্বারা . যুদি আপনি বসার প্রস্তাবনা স্বীকার করেন, অফি আপনাকে ফ্রান্সের কোনো এক প্রান্তে থাকার ব্যবস্থা করতে পারে. যুদি অফি সরাসরি আপনাকে বাসা না দিতে পারে তবে একটি PADA (আশ্রয়প্রার্থীদের প্রথম সবাগত কেন্দ্র) দ্বারা চিঠি পত্র -এর জন্য একটি দমিসিলিয়েশান (ঠিকানা) দেবা হবে. আশ্রয়প্রার্থীদের প্রথম সবাগত কেন্দ্র (PADA) আপনার আশ্রয় কার্জপ্রনালি তে সাহায্য করবে.

৩. অফপ্রার আবেদন পত্র ২১ দিনের মধ্যে জমা দিতে হবে :

OFPRA -এর এসাইলামের আবেদনপত্র ফরাসি ভাষায় পূরন করতে হবে|

আবেদনপত্রে অবশ্যই দস্তখত করতে হবে|

আবেদনপত্রের সাথে দু'কপি ছবি, এক মাসের সাময়িক বসবাসের অনুমতি **কার্ডের** (ADDA) ফটোকপি, পরিচয়পত্র বা পাসপোর্ট (অরিজিনাল কপি) যা আপনার কাছে আছে, তা সংযুক্ত করতে হবে|

OFPRA -এর ফর্ম 21 দিনের মধ্যে রেজিস্ট্রি ডাক যোগে কিংবা সরাসরি OFPRA -তে গিয়ে জমা দিবেন .

যদি আপনি আপনার আবেদনপত্র সঠিক ভাবে পূরন করে ২১ দিনের মধ্যে জমা করে থাকেন, তাহলে OFPRA আপনাকে আবেদন প্রাপ্তি নিশ্চিত চিঠি দেবে| এই চিঠি, এক মাসের সাময়িক বসবাসের অনুমতি কার্ড (ADDA) নিয়ে আপনি প্রিফেকচারে যাবেন| প্রিফেকচার আপানাকে ৬ বা ৯ মাসের সাময়িক বসবাসের অনুমতি কার্ড (ADDA) দেবে, যা আপনার আশ্রয় প্রার্থী থাকা কালিন সময় পর্যন্ত বলবৎ থাকবে|

যুদি আপনি আবেদনপত্র ঠিক ভাবে না পূরণ করে থাকেন,অফপ্রা OFPRA আপনার আবেদনপত্র ঠিক করার জন্য ফিরত পাঠাবে. যা এক সপ্তার ভিতরে ঠিক করে অফপ্রা কে আবার পাঠাতে হবে.

আপনার সামাজিক অধিকার

স্বাস্থ্য (Santé) ঃ

আপনি (CMU) সিএময়ু-এর সুবিধা ভোগ করতে পারেন| সিএময়ু দ্বারা আপনি বিনা খরচে আপনার চিকিৎসা করাতে পারবেন| এ সুবিধা ভোগ করার জন্য আপনাকে আপনার দমিসিলিয়েশনের প্রত্যয়নপত্র, সাময়িক বসবাসের অনুমতি কার্ড (ADDA) -এর ফটোকপি সহ স্বাস্থ্য বীমা বা "আশ্যুরেনছ মালাদি" (Assurance Maladie) দপ্তরে যোগাযোগ করতে হবে| সাধারন সিএময়ু আপনার চিকিৎসা ভাতার একটি আংশ প্রদান করে| বাকী অংশ প্রদান করা হয় সিএময়ু কম্প্লেমেন্তের (CMU complémentaire) -এর থেকে| আপনি একই সময় সিএময়ু সাধারন (CMU simple) এবং সিএময়ু কম্প্লেমেন্তের (CMU complémentaire) -এর জন্য আবেদন করতে পারেন| যদি আপনার জন্মসনদপত্র (Birth Certificate) থেকে থাকে, তা হলে চিকিৎসার সুবিধার্থে ভিতাল কার্ড (Carte Vitaile) পেতে পারেন| উলেস্নখ্য, আপনার জন্মসনদপত্র পাওয়া না গেলে, আপনাকে ভিতাল কার্ড দেওয়া হবে না| ভিতাল কার্ড না পেলেও আপনার চিকিৎসার জন্য ইঙ্গিত attestation-ই যথেষ্ট|

আবাসন (Hébergement)ঃ

ফ্রান্সে আসার পর যুদি আপনার থাকার কোনো জায়গা না থাকে, আপনি টেলিফোন নম্বর ১১৫ তে ফোন করে থাকার যায়েগার ডিমান্ড করতে পারেন . ইমার্জেন্সি অবস্থায় ১১৫ কয়েক রাত থাকার বৌবস্থা করে .

আপনার 'গিছে ইউনিক' থেকে প্রথম সাক্ষাৎকারের সময় OFII আপনাকে কাদা (CADA-আশ্রয় প্রার্থীর সরকারী আবাসন) -এ থাকার প্রস্তাবনা করবে এবং এর জন্য একটি ফর্ম প্রদান করবে| যাতে **হাঁ**, **না** কিংবা **আমি জানি না** চিহ্নিত থাকবে|

যদি আপনি এ প্রস্তাবনা গ্রহন করেন, তাহলে OFII আপনাকে CADA তে একটা বাসা দিতে পারে . সে বাসা ফ্রান্সের কোনো এক প্রান্তে থাকতে পারে . বাসার সুবিধা সহ আপনি মাসিক আর্থিক সহায়তার লাভ পাবেন (আর্থিক সহায়তার অংশ দেখুন).

যদি আপনি এ প্রস্তাবনা গ্রহন না করেন, বা প্রস্তাবনা গ্রহণ করেন কিন্তু বাসা প্রদান করার সময় বাসা স্বীকার না করেন, তবে পরবর্তিতে আপনাকে কোনো বাসা দেবা হবে না এবং যা আর্থিক সহায়তা পেতেন তা বন্ধ করা হবে . এই অবস্থায় OFII আপনাকে চিঠির মাধ্যমে বাসা এবং আর্থিক সহায়তা বন্ধ করার রায় জানাবে . যুদি আপনি এই লাভ গ্রহণ করার সিধান্ত নিতে চান তবে OFII এর চিঠি পাবার 15 দিন এর ভিতরে OFII কে লেখতে হবে. এই সম্বন্ধে সংস্থা আপনার সহায়তা করতে পারে.

আশ্রয় প্রার্থী হিসাবে আর্থিক সহায়তা (Allocation pour demandeurs d'asile {ADA}) .

আশ্রয় প্রার্থী হিসাবে আর্থিক সহায়তার লাভ গ্রহণ করবার জন্য OFII দ্বার প্রস্তুত করা CADA-বাসার প্রস্তাবনা গ্রহণ করতে হবে. প্রস্তাবনা গ্রহন করলে, OFII আর্থিক সহায়তা প্রদান করার জন্যে আপনার নাম দরজ করবে. এই অর্থ আপনাকে আনপার ব্যাঙ্ক একাউন্টতে প্রতেক মাসের প্রথম সপ্তাহে পাঠান হবে. OFII কে আপনার ব্যাঙ্ক অকোউন্ট এর নম্বর , রিব (R.I.B) পাঠাবেন. যুদি আপনার ব্যাঙ্ক একাউন্ট না থাকে, ofii ব্যাঙ্ক চেক এর মাধ্যমে আদায়গী করতে পারে.

এক জন একলা বয়েস্ক (যে CADA-বাসা পেয়ে থাকে) প্রতেক দিন ১০.৮০ ইউরো হিসাবে আর্থিক সহায়তা পাবে. যুদি তার স্ত্রী/সামি বা বাচ্চা সংঘে থাকে, প্রতেক ব্যক্তি ৩.৪০ ইউরো হিসাবে অনুপুরক সহায়তা পাবে. কিন্তু এক জন একলা বয়েস্ক (যে CADA-বাসা না পেয়ে থাকে) প্রতেক দিন ১১ ইউরো হিসাবে আর্থিক সহায়তা পাবে

হ্রাসকৃত মূল্যে পরিবহন কার্ড (Carte solidarité transport) ঃ

সর্বপ্রথম আপনাকে নেভিগো কার্ড (Pass Navigo) তৈরী করে নিতে হবে| এ কার্ড তৈরী করার জন্য আপনাকে যে কোন মেট্রো (Metro) কাউন্টারে যেতে হবে| আপনি সিএময়ূ কমপ্লিমেন্টার (CMU Complémentaire) পাবার পর হ্রাসকৃত মূল্যে পরিবহন কার্ড পাওয়ার জন্য আবেদন করতে পারবেন ।হ্রাসকৃত মূল্যে পরিবহন কার্ড পাওয়ার জন্য আপনাকে **০৮ ০০ ৯৮ ৪৯ ৯৯** নম্বরে ফোন করতে হবে| আপনার ডিমান্ড অনুযায়ী solidarité transport আপনাকে একটি আবেদন ফর্ম পাঠাবে | উক্ত ফর্ম সঠিক ভাবে পূরন করে পাঠালে তারা আপনার জন্য একটি Carte solidarité transport পাঠাবে| ঐ কার্ড দিয়ে আপনি ৭৫% হ্রাসকৃত মূল্যে আপনার নেভিগো কার্ড সপ্তাহ কিংবা মাসের জন্য চার্জ করতে পারেন| যদি আপনি খুচরা টিকেট সংগ্রহ করেন তাহলে ৫০% ডিস্কান্ট পাবেন|

পোষ্ট হিসাব (Poste Account) ঃ

OFII-এর আর্থিক সহায়তা প্রপ্তির জন্য আপনাকে পোষ্ট অফিসে (La Poste) -এ একটি হিসাব (Account) খুলতে হবে| এ জন্য আপনার মাসের সাময়িক বসবাসের অনুমতি **কার্ডের** (ADDA) ও দমিসিলিয়েশন নিয়ে পোষ্ট অফিসে যেতে হবে| পোষ্ট অফিস আপনার একাউন্ট পরিচালনার জন্য একটি কার্ড ও একটি গোপন কোর্ড নম্বর পাঠাবে, যা দিয়ে আপনি আপনার Account নির্বিঘ্নে পরিচালনা করতে পারবেন|

Dom'Asile

অফপ্রাতে আশ্রয়ের আবেদন

OFPRA (Office Français de Protection des Réfugiés et Apatrides)

ফ্রান্সের নির্দিষ্ট অধিদপ্তর যা রিফ্যুউজি ও রাষ্ট্রহীনদের পরিরক্ষণ জন্য কাজ করে|

এই অধিদপ্তর আপনার আশ্রয় প্রার্থনার আবেদন বিচার ও বিশেস্নষনের পরে রায় প্রদান করে| আপনার আশ্রয় প্রার্থনার কারন একটি গোপনীয় বিষয় যার উপর প্রিফেকচারেরও কোন খবরদারী করার অধিকার নেই| প্রিফেকচার শধুমাত্র আপনার আবেদনের চূড়ান্ত সিদ্ধান্ত না হয়্যা পর্যন্ত সাময়িক বসবাসের অনুমতি কার্ডে (ADDA) এবং আশ্রয় প্রার্থনা ফর্ম প্রদানে দায়িত্ব রাখে .

অফপ্রা আপনাকে সাক্ষাৎকার নেওয়ার জন্য নির্দিষ্ট তারিখের পূর্বে চিঠি দিয়ে অবহিত করবে| যদি সাক্ষাৎকারের দিন আপনি আপনার আবেদনকে সুন্দর ভাবে উপস্থাপন করতে না পারেন তবে আপনার আশ্রয় প্রার্থনা ব্যর্থ হবে| আপনার কাছে আপনার আবেদনের সম্পর্কিত যে ধরনের প্রমানাদি আছে তা অবশ্যই সংগে নিয়ে যাবেন| আপনার আরো একটি বিষয় জানা প্রয়োজন, সাক্ষাৎকারের দিন আপনি আপনার আশ্রয় আবেদনে যে কোন সংশোধন কিংবা সংযোজন করতে পারবেন (এমন প্রমানাদি যা আপনি আপনার আবেদনের সময় সংযোজন করতে ভুলে গেছেন)| যদি আপনি পূর্বে অবহিত করেন, আপনি ফরাসি তে বলতে পারবেন না, তবে আপনার প্রয়োজনে দোভাষী নিয়োগ করা হবে| উলেস্নখ্য আপনার সাথে কোন দোভাষী নেয়ার প্রয়োজন নেই.

আপনি অফপ্রাতে আবেদন করতে পারেন যে আপনি চান যে আপনর সাক্ষাৎকারের সময় সংস্থার এক জন কিম্বা আপনার উকিল আপনার সাথে থাকে. এই আবেদন আপনার সাক্ষাৎকারের মিনিমম ৭ দিন আগে করতেহবে.

সাধারঅনত, অফপ্রা ৬ মাসের মধ্যে রায় দিবে. যুদি ৬ মাসে রায় না দিতে পারে তবে চিঠির মাধ্যমে আপনাকে জানানো হবে.

একটি গুরম্নত্বপূর্ণ বিষয় আপনাকে মনে রাখতে হবে, OFPRA যদি আপনার আবেদনে আশ্রয় দেয়ার মত কোন কারন খুঁজে না পায়, তাহলে আপনার আবেদন একটি দ্রুত পদ্ধতি মাধ্যমে জান্চাই করার সিধান্ত নিতে পারে.

অফ্রার সিধান্ত আপনাকে রেজিস্ট্রি চিঠির মাধ্যমে জানান হবে .

এজন্য সপ্তাহে কমপক্ষে একবার, চিঠি সংগ্রহের প্রয়োজনে আপনার দমিসিলিয়াশান কেন্দ্রে আসা অত্যাবশ্যকীয়|

যাতে, দমিসিলিয়াশান কেন্দ্রে পোষ্টম্যানের ছেড়ে যাওয়া রেজিষ্ট্রি রশিদ (Avis de Passage) সংগ্রহ করে দুই সপ্তাহের মধ্যে আপনি আপনার চিঠি পোষ্ট অফিস থেকে তুলে নিতে পারেন|

ফ্রান্স কিভাবে আপনার সুরক্ষা করবে এ সিধান্ত অফপ্রা জানাবে

অফপ্রা আপনাকে রিফ্যুজি ষ্টেটাস কিংবা সাময়িক সুরক্ষা (Complementary Protection) দেবার সিদ্ধান্ত নিতে পারে|

যদি অফপ্রা আপনাকে রিফ্যুউজি ষ্টেটাস দেবার জন্য সুপারিশ করে, প্রিফেকচার আপনাকে দশ বছরের আবাসিক কার্ড দেবে, যা আপনি পরবর্তীতে নবায়ন করতে পারবেন|

যদি অফপ্রা আপনাকে সাময়িক সুরক্ষা জন্য সুপারিশ করে, প্রিফেকচার আপনাকে এক বছরের আবাসিক কার্ড দেবে, যা অফপ্রা ফিরত নিতে পারে, যদি জানতে পারে দেশে আপনার কোন সমস্যা নেই|

OFPRA যদি আপনাকে প্রত্যাখান করে, তবে আপনি CNDA (Cour Nationale du Droit d'Asile) -তে আপীল করতে পারেন|

এই অবস্থায় আমরা আপনাকে সাহায্য করতে পারি|

Dom'Asile

আশ্রয় প্রার্থীদের জাতীয় আদালতে (CNDA- তে) আপিল

CNDA (Cour Nationale du Droit d'Asile একটি আদালত যেখানে OFPRA-এর প্রত্যাখিত আবেদন পুনঃ বিবেচনার জন্য আবেদন (আপীল) করা যায়|

অফ্প্রা থেকে প্রত্যাখিত চিঠি (Reject) পাবার এক মাসের মধ্যে আপনাকে সেএনডেআ -তে আপীল করতে হবে|

এই আদালতে আপনার আবেদন উপস্থাপন করার জন্য বা আপনার আপিল লেখবার জন্ন আপনি একজন উকিলের সাহায্য নিতে পারেন| আপনার প্রয়োজনে আপনি একজন (সরকারী) ফ্রী উকিলের সাহায্যও নিতে পারেন| এর জন্য অফ্প্রার প্রত্যাখানের চিঠি পাবার 15 দিনের ভিতরে আপনাকে উকিলের প্রয়োজনীয়তা প্রকাশ করতে হবে| এই পদ্ধতির নাম আইনি সহায়তা (Aide Juridictionalle)| যুদি চিঠি পাবার 15 দিনের মধ্যে উকিলের আবেদন না করতে পারেন তবে উকিলের প্রজনিয়তা আপিলের সাথে করতে পারেন .

OFPRA -এর প্রত্যাখিত রেজিস্ট্রি চিঠি আপনি পোষ্ট অফিস থেকে যেদিন গ্রহন করবেন (কিংবা যদি না করে থাকেন, তবে যেদিন পোষ্টম্যান দমিসিলিয়াশান কেন্দ্রে রেজিস্ট্রি চিঠি তোলার রশিদ ছেড়ে গিয়েছিল) সেদিন থেকে এক মাসের মধ্যে অবশ্যই আপনাকে সেএনডেআ -তে আপীল করতে হবে| আপনার আপীল অবশ্যই সেএনদেআ-এর প্রেসিডেন্টের নামে ফরাসিতে লিখে রেজিস্ট্রি ডাকে পোষ্ট করতে হবে| আপীলে সাবলিল ভাষায় প্রকাশ করার চেষ্ঠা করবেন, OFPRA দ্বারা আপনার আশ্রয় প্রার্থনা বাতিল করার সিধানতের প্রত্যাখান করেন| পাশা পাশি OFPRA -এর সিধানতে কোনো ভুল পরিলক্ষিত হলে অবশ্যই তা সেএনডেআ -এর আপীলে উলেস্নখ করবেন| আপনার কাছে নূতন কোন প্রমানাদি (document) থাকলে অবশ্যই তা আপীলের সাথে সংযুক্ত করেন | এ ব্যপারে আপনি নির্দিষ্ট সংস্থার যোগাযোগ করতে পারেন, যারা আপনাকে আপনার পুনঃ বিবেচনার আবেদন তৈরীতে সহায়তা করতে পারে|

CNDA -তে আপনার আপীল পৌছার পর, তারা আপনাকে একটি চিঠি পাঠাবে যার নাম Réçu de Recours|

Réçu de Recours নিয়ে আপনি প্রিফেকচার থেকে আপনার সাময়িক বসবাসের অনুমতি কার্ড (ADDA) রিনিউ করতে পারবেন|

CNDA আপনার আশ্রয় প্রার্থনাকে বিশ্লেষন করার পর, আপনার একটি সাক্ষাৎকার গ্রহনের জন্য আপ-নাকে একটি চিঠি দেবে|

উলেস্নখিত সাক্ষাৎকার কে পাবলিক শুনানি বলে| এ শুনানি তে দর্শক হিসাবে যে কেউ অংশ গ্রহন করতে পারে| এমনকি আপনি আপনার পরিচিত যে কাউকে উক্ত অনুষ্ঠানে দর্শক হিসাবে আমন্ত্রিত করতে পারেন| তবে নির্দিষ্ট দিন নির্দিষ্ট সময় অবশ্যই আপনাকে উপস্থিত হতে হবে| মনে রাখবেন, আপনি OFPRA -এর সিধান্তে ভুল প্রমানে ব্যর্থ হলে, CNDA আপনাকে উপযুক্ত প্রমানাদি সংগ্রহণ ও সংযোজনের জন্যে ১৫ দিন সময়ের মধ্যে CNDA -তে উপস্থিত হয়ে ভুল সংশধোনের সুযোগ দিতে পারে| এরূপ অবস্থায় আপনার কোন উকিল না থাকলে, আমাদের পরামর্শ মতে আপনি একজন উকিলের নেবার চেষ্টা করবেন

CNDA আপনার সাচাৎকারের তিন সপ্তাহ পর রেজিস্ট্রি ডাকে তাদের সিধান্ত পাঠাবে|

CNDA -এর সিধান্ত আপনার পক্ষে হলে, আপনি রিফ্যিউজি স্টেটাস পাবেন| CNDA -এর চিঠি প্রিফেকচার কে দেখিয়ে আপনি আপনার সিজুর কার্ড - এর ব্যবস্থা নিতে পারবেন| CNDA -এর সিদ্ধান্ত আপনার বিপক্ষে হলে, প্রিফেকচার আপনাকে একটি চিঠির মাধ্যম এক মাসের মধ্যে ফ্রান্স ছাড়ার নির্দেশ (OQTF) দেবে| প্রিফেকচারের এ সিদ্ধান্ত এর বিপক্ষে আপনি এক মাসের মধ্যে (বা ৪৮ ঘন্টার ভিতরে) ট্রিব্যুনাল (Tribunal Administratif) -এ পুনরায় আপীল করতে পারেন|

Tribunal Administratif -এ আপীলের জন্যও আমরা আপনাকে সহায়তা প্রদন করতে পারি|

যদি ফ্রান্স থেকে আপনি আপনার দেশে ফিরে যেতে চান, তাহলে OFII -তে যোগাযোগ করে নির্ধারিত সাহায্য প্রত্যাশা করবেন

আপনার কাছে নূতন কোন প্রমান থাকলে Réexamen -এর জন্য আমাদের দমাজিল কেন্দ্রে যোগাযোগ করে পরামর্শ এবং সহযোগিতা নিন|